**একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সভার তারিখ : ২২ জুন ২০১৭
সময় : সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩১, ভবন নম্বর-৭), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

২। সভায় এ বিভাগের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, উদ্ভাবনী ধারণা বাছাই কমিটির অগ্রগতি ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণকে প্রণোদনা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন | এ বিভাগের ইনোভেশন টিম কর্তৃক প্রণীত ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তৎপর হতে হবে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে কর্মপরিকল্পনায় উল্লিখিত কর্মসমূহ যথাসময়ে সম্পাদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ইনোভেশন টিম ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ২. | উদ্ভাবনী ধারণা বাছাই কমিটির অগ্রগতি | উদ্ভাবনী ধারণা বাছাই কমিটি এ বিভাগের আওতাধীন ৫টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের বিষয়ে সুপারিশ প্রদান করে। তন্মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর প্রদানকৃত উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন হয়নি বিধায় বাদ দেয়া যায় এবং চূড়ান্তভাবে বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক ও জনতা ব্যাংক কে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার জন্য পুরস্কার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া, এ বিভাগের কেইস ম্যানেজমেন্ট সিস্টেমটি ডিজিটাইজড হওয়ায় সময়, খরচ, ভিজিট (TCV) অনেক হ্রাস পেয়েছে যার ফলে আর্থিক খাতে আরো বেশি শৃঙ্খলা ফিরে আসবে মর্মে আশা করা যায়। এ বিষয়টি প্রক্রিয়াকরণের সাথে সংশ্লিষ্ট আইন ও আইসিটি শাখা/অধিশাখাকে এ সংক্রান্ত প্রণোদনা প্রদান করা সমীচীন মর্মে কমিটি মনে করে। এ বিবেচনায় এ বিভাগ কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল কেইস ম্যানেজমেন্ট সিস্টেমকেও এ ধরণের পুরস্কার প্রদানের আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উদ্ভাবনী ধারণা বাছাই কমিটি, ইনোভেশন টিম ও বাজেট অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৩. | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণ ও উদ্ভাবকগণকে প্রণোদনা প্রদান | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণ ও উদ্ভাবকগণকে প্রণোদনা প্রদানের ক্ষেত্রে নিমোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:<br>১. এ বিভাগের আওতাধীন উপরোক্ত ৩টি প্রতিষ্ঠান কে ১টি করে ক্রেস্ট এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের ইনোভেশন অফিসার ও টিমের সকল সদস্যগণকে সার্টিফিকেট প্রদান করা যেতে পারে।<br>২. এ বিভাগ কর্তৃক বাস্তবায়িত ডিজিটাল কেইস ম্যানেজমেন্ট সিস্টেম চালূ করার জন্য আইন ও আইসিটি শাখাকে যৌথভাবে ক্রেস্ট প্রদান ও এতদসংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সার্টিফিকেট প্রদান করা যেতে পারে।<br>৩. ইনোভেশন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সার্বিক সহযোগিতার জন্য ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব ফয়সল আহমদ ও টিমের সদস্য জনাব সুমন আনোয়ার মাহমুদ কে উৎসাহ উদ্দীপনা প্রদানের লক্ষ্যে ১টি করে TAB ও সার্টিফিকেট প্রদান করা যেতে পারে। | ইনোভেশন টিম ও বাজেট অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | | ৪. সর্বোপরি এ বিভাগের সচিব মহোদয়কে ইনোভেশন কার্যক্রম সম্পাদন ও বাস্তবায়নে সার্বিকভাবে নেতৃত্ব প্রদান ও সুযোগ্য দিক-নির্দেশনা প্রদানের জন্য ১টি ক্রেস্ট প্রদান করা যায়।<br>৫. চিফ ইনোভশন অফিসার হিসেবে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়নে নৈপুন্য সফলতা অর্জনের ক্ষেত্রে এ বিভাগের চিফ ইনোভশন অফিসারকে ১টি ক্রেস্ট প্রদান করা এবং এ বিভাগের ইনোভেশন টিমের সকল সদস্যগণকে একটি ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা যেতে পারে। | |
| ৪. | ২০১৭ সালে অনুষ্ঠিত ২ দিন ব্যাপি নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক কর্মশালায় নতুন উদ্ভাবনী ধারণা উপস্থাপন ও বাস্তবায়ন | আর্থিক প্রতষ্ঠান বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই কর্তৃক গত ১৭-১৮ মে ২০১৭ তারিখে আয়োজিত নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ২ দিন ব্যাপি কর্মশালায় অংশগ্রহণকারী এ বিভাগের যমুনা গ্রুপ নামক গ্রুপ কর্তৃক "অনলাইন ফিন্যান্সিয়াল রিপোর্টিং সিস্টেম" নামক ১টি উদ্ভাবনী ধারণা উপস্থাপন করা হয়। যা এটুআই কর্তৃক প্রশংসিত হয় এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য ১টি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে বলা হয়। উক্ত গ্রুপে গ্রুপ সদস্য হিসেবে উপস্থিত ছিলেন উপসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা ও জনাব মোঃ মনিরুল ইসলাম এবং সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব ফয়সল আহমদ ও প্রিন্সিপাল অফিসার জনাব এ.কে. এম ফজলুল হক। উক্ত উদ্ভাবনী ধারণাটির কার্যক্রম ও বাস্তবায়ন পদ্ধতির রোডম্যাপ আনুষ্ঠানিকভাবে এ বিভাগের সচিব মহোদয়কে অবগত করতে হবে এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য দিক নির্দেশনা চাইতে হবে। | উপসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহা ও জনাব মোঃ মনিরুল ইসলাম এবং সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব ফয়সল আহমদ ও প্রিন্সিপাল অফিসার জনাব এ.কে. এম ফজলুল হক (যমুনা গ্রুপ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| ৫ | প্রণোদনা প্রদান সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন | ইনোভশন কার্যক্রম বাস্তবায়ন ও উদ্ভাবনী ধারণা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও কর্মকর্তাগণকে প্রণোদনা প্রদানের নিমিত্ত এ বিভাগের বাজেটে বরাদ্দকৃত পুরস্কার খাতের অর্থ ছাড়করণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপসচিব বাজেট, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/06/17

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
যুগ্মসচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর ৫৩.০০.০০০০.২১১.৩১.০০৩.১৭-১০১ তারিখ: ২২.০৬.২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুশারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, আগারগাঁর, ঢাকা।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা।
৪. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৭ম তলা), বড়মগবাজার, ঢাকা-১২১৭।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালকও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

অ.পৃ.দ্র

৭. ব্যবস্থাপনা পরিচালক, বিএইচবিএফসি/ আইসিবি/ বাকৃবি/রাকাব/ আনসার-ভিডিপি/ বিডিবিএল/ প্রবাসী কল্যাণ/ কর্মসংস্থান ব্যাংক/ সাধারণ বীমা কর্পোরেশন/জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৯. ব্যবস্থাপনা পরিচালক, সোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড হাউস, হোল্ডিং ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা।
১০. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।
১১. পরিচালক, বাংলাদেশ ইন্সিওরেন্স একাডেমি, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১২. জনাব মৃত্যুঞ্জয় সাহা, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৩. জনাব মোঃ মতিয়ার রহমান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ।
১৪. জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৫. জনাব মোঃ মনিরুল ইসলাম, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ।
১৬. জনাব ফয়সল আহমদ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৭. জনাব সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, ও সদস্য, ইনোভেশন টিম (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :

১. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ মনিরুল ইসলাম)
উপসচিব